

ঢাকা ওয়াসা

বিষয়: "Electronic Government Procurement (e-GP)"- শীর্ষক প্রশিক্ষণ কোর্স আয়োজন প্রসঙ্গে।

অনুচ্ছেদ ১.০

১) ক্রয় আইন ২০০৬ এর ৬৫নং ধারা অনুযায়ী ই জিপি নীতিমালার ভিত্তিতে ইলেকট্রনিক গভর্নমেন্ট প্রকিউরমেন্ট (ই জিপি) এর মাধ্যমে সকল ক্রয়কাজ বাস্তবায়নের লক্ষ্যে ঢাকা ওয়াসা প্রশিক্ষণ কেন্দ্রের ২০২৪-২৫-ইং অর্থবছরের অনুমোদিত প্রশিক্ষণ পরিকল্পনায় "Electronic Government Procurement (e-GP)"- শীর্ষক প্রশিক্ষণ কোর্সটি অন্তর্ভুক্ত রয়েছে।

২) Procuring Entity (PE)/PE User-দের উপযোগী "Electronic Government Procurement (e-GP)"- শীর্ষক উক্ত প্রশিক্ষণ কোর্সটি আগামী ১১ জানুয়ারি ২০২৬ হতে ১৫ জানুয়ারি ২০২৬ (০৫) পূর্ণকার্যদিবসব্যাপী প্রতিদিন সকাল ০৯:০০টা হতে বিকাল ০৫:০০টা পর্যন্ত মেয়াদে লালমাটিয়াস্থ ঢাকা ওয়াসা প্রশিক্ষণ কেন্দ্রে আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

৩) "Electronic Government Procurement (e-GP)"- শীর্ষক প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের জন্য সংযুক্তি 'ক' তে বর্ণিত ২০ (বিশ)জন প্রশিক্ষণার্থীর নামের তালিকা ও সংযুক্তি 'খ' -এ প্রণীত প্রশিক্ষণ সূচি সদয় অনুমোদন করা যেতে পারে।

৪) পাঁচ (০৫) পূর্ণকার্যদিবসব্যাপী আয়োজিত "Electronic Government Procurement (e-GP)"- শীর্ষক প্রশিক্ষণ কোর্সটি সম্পাদনে নিম্নরূপ ব্যয় হবে যার প্রাক্কলন সদয় অনুমোদনের জন্য পেশ করা হ'ল:

ক্রমিক নং	ব্যয়ের খাতসমূহ	টাকা
১)	প্রশিক্ষকদের সম্মানী (১৬টি সেশন x ৩,০০০) = এবং ৬টি সেশন x ৩,৬০০/- হারে	= ৬৯,৬০০/-
২)	কোর্স পরিচালক ও সমন্বয়কের সম্মানী ভাতা (৫x২০০০ + ৫x১৫০০) এবং ১জন এটেনডেন্স ৫x১০০০	= ২২,৫০০/-
৩)	প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ ভাতা ২০ জন ৮০০/- হারে ৫দিন (২০x৫x৮০০) =	= ৮০,০০০/-
৪)	প্রশিক্ষণার্থীদের জন্য প্রশিক্ষণ কাপড়ের ব্যাগ ১,০০০/ দরে (২০x১,০০০/)	= ২০,০০০/-
৫)	কলম ৯০/- দরে (২ ডজন (২৪x৯০) = ২১৬০/-) + নোটবুক ৬০/- দরে (২০x৬০/- = ১২০০/-) , পেন্সিল + রাবার + সার্পেনার ২০x৩০ = ৬০০/-	= ৩,৯৬০/-
৬)	প্রশিক্ষণার্থীদের আপ্যায়ন প্রশিক্ষক, সমন্বয়ক ও এটেনডেন্সসহ, সকাল ও বিকালের নাস্তা ১০০/- হারে, এবং দুপুরের খাবার (৫০০/- হারে) মোট = ২৭ জন (২৭x৫x৬০০/-) =	= ৮১,০০০/-
৭)	পিপিআর - ২০২৫ বই (২২কপি) ২২০/- দরে	= ৪,৮৪০/-
৮)	পানি (দুই বেলা) ৩০ কেস (১৩৫/- দরে) ৫দিন	= ৮,০৫০/-
৯)	কোর্স মেটেরিয়াল ফটোকপি সহ বিবিধ প্রশিক্ষণ সামগ্রী ক্রয়	= ৫,০০০/-
সর্বমোট ব্যয় টাকা = ২,৯০,৯৫০/-		
(কথায়: দুই লক্ষ নব্বই হাজার নয়শত পঞ্চাশ টাকা মাত্র)		

৫) এমতাবস্থায়, অনুচ্ছেদ ১.০ এর পরিচ্ছেদ ১-৫ এ বর্ণিত "Electronic Government Procurement (e-GP)"- শীর্ষক পাঁচ (০৫) পূর্ণকার্যদিবসব্যাপী আয়োজিত সরাসরি প্রশিক্ষণে ঢাকা ওয়াসার বিভিন্ন পর্যায়ের ২০ (বিশ)জন কর্মকর্তার প্রশিক্ষণে মনোনয়ন, প্রশিক্ষণ সূচী এবং প্রশিক্ষণ আয়োজনের প্রয়োজনীয় ব্যয় নির্বাহের নিমিত্তে স্থানীয় প্রশিক্ষণ খাতের "প্রশিক্ষণ ফি" খাতের বরাদ্দ হতে সর্বমোট টাকা = ২,৯০,৯৫০/- (কথায়: দুই লক্ষ নব্বই হাজার নয়শত পঞ্চাশ টাকা মাত্র) ব্যয়ের অনুমোদনসহ উক্ত পরিমাণ টাকা "প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা"-র অনুকূলে অস্থায়ী অগ্রীম হিসেবে প্রদানের সদয় অনুমোদন দেয়া যেতে পারে। প্রস্তাবিত প্রশিক্ষণ বাজেটে উল্লেখিত ব্যয়ের চাইতে খাতওয়ারী প্রকৃতব্যয় কম/বেশী হতে পারে। তবে প্রকৃত ব্যয় অনুমোদিত ব্যয়ের মধ্যে সীমাবদ্ধ থাকবে। কোর্স সমাপ্তির পর সমুদয় অর্থ প্রকৃত ভাউচারের মাধ্যমে হিসাব বিভাগে সমন্বয় করা হবে।

সদয় অনুমোদনের জন্য সর্বিনয়ে পেশ করা হ'ল।

মোঃ খায়রুল বাশার
উপ-প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা (চ: নাঃ)
প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা ওয়াসা।

মোঃ ওয়াজ উদ্দীন
প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা
ঢাকা ওয়াসা।

মোঃ আমিরুল ইসলাম
(মুগ্ধসচিব)
উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন)
ঢাকা ওয়াসা।

ব্যবস্থাপনা পরিচালক
প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা।